প্রতিরক্ষা মন্ত্রণালয়
আইসিটি সেল

ডায়েরী নং	২৬
তারিখ:	১৩।৯।২৬
সময়:	

সিস্টেম এনালিস্ট

প্রোগ্রামার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রতিরক্ষা মন্ত্রণালয়
ডি-২৫ শাখা
শের-ই-বাংলা নগর, ঢাকা
www.mod.gov.bd

নম্বর-২৩.০০.০০০০.২৫০.২৭.০৩৪.১৯. ২১৬

তারিখ: ২৬ ভাদ্র ১৪৩৩ / ১০ সেপ্টেম্বর ২০২৬

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব মোঃ আব্দুল হালিম (ব্যক্তিগত নং ২০৯২৯), উপসহকারী প্রকৌশলী (ল্যাব), মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগ, মিলিটারি ইন্সটিটিউট অব সাইন্স অ্যান্ড টেকনোলজি (এমআইএসটি) গত ২২ আগস্ট ২০১৯ তারিখ এ মন্ত্রণালয় কর্তৃক চাকরি থেকে সাময়িকভাবে বরখাস্ত হন। সাময়িক বরখাস্ত থাকাকালীন নিয়মিত অফিসে উপস্থিত থাকার বিধান থাকা সত্ত্বেও দীর্ঘদিন যাবৎ বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন। এর ফলে এমআইএসটি'র প্রস্তাবের প্রেক্ষিতে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর বিধি ৩(খ) এবং (গ) উপবিধি অনুসারে যথাক্রমে 'অসদাচরণ (Misconduct)' ও 'পলায়ন (Desertion)'-এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করা হয়, এবং

যেহেতু, রুজুকৃত মামলার অভিযোগনামা ও অভিযোগ বিবরণী ডাক বিভাগের মাধ্যমে অভিযুক্ত উপসহকারী প্রকৌশলী (ল্যাব) জনাব মোঃ আব্দুল হালিম-এর স্থায়ী ও বর্তমান ঠিকানায় এবং ব্যক্তিগত ই-মেইলে প্রেরণ করা হয় এবং সে পরিপ্রেক্ষিতে ২৭ নভেম্বর ২০২৫ তারিখে ডাকযোগে ও ই-মেইলের মাধ্যমে লিখিত জবাব প্রেরণপূর্বক ব্যক্তিগতভাবে উপস্থিত হয়ে শুনানী গ্রহণের জন্য অনুরোধ করা হয়। জনাব মোঃ আব্দুল হালিম-এর বিরুদ্ধে বর্ণিত বিভাগীয় মামলায় গুরুদন্ড আরোপের পর্যাপ্ত ভিত্তি রয়েছে মর্মে প্রতীয়মান হওয়ায় ন্যায় বিচারের স্বার্থে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর বিধি ৭(২)(ঘ) অনুযায়ী আনীত অভিযোগ তদন্তের জন্য জনাব জাকির হোসেন, পরিচিতি নং-৮১৯৯, উপসচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়-কে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়, এবং

যেহেতু, সরকার পক্ষে মামলা পরিচালনাকারী কর্মকর্তা এমআইএসটি এর জনাব মোঃ মাহবুব আলম, সিভিল অ্যাডমিন অ্যান্ড অ্যাডমিশন অফিসার (সিএসও), অভিযুক্ত জনাব মোঃ আবদুল হালিম (২০৯২৯), উপসহকারী প্রকৌশলী (ল্যাব), মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগ, এমআইএসটি এবং তদন্তকারী কর্মকর্তা জাকির হোসেন-এর উপস্থিতিতে ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। উক্ত ব্যক্তিগত শুনানীতে অভিযুক্ত জনাব মোঃ আবদুল হালিম মৌখিক ও লিখিত জবাব দাখিল করেন। তদন্তকারী কর্মকর্তা গত ১৯/০৪/২০২৬ তারিখে দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে জনাব মোঃ আব্দুল হালিম (ব্যক্তিগত নং ২০৯২৯) এর বিরুদ্ধে আনীত 'অসদাচরণ (Misconduct)' ও 'পলায়ন (Desertion)'-এর দায়ে দোষী মর্মে অভিযোগ প্রমাণিত হয়েছে বলে মতামত প্রদান করেন, এবং

যেহেতু, অভিযুক্ত জনাব মোঃ আব্দুল হালিম-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর বিধি ৩(খ) ও (গ) অনুসারে যথাক্রমে 'অসদাচরণ (Misconduct)' ও 'পলায়ন (Desertion)'-এর অভিযোগে একই বিধিমালার ৭(৮) বিধি অনুসরণক্রমে বিধি ৪(১)(খ) ও ৪(৩)(ঘ) মোতাবেক তাঁকে 'চাকরি থেকে বরখাস্তকরণ' বা বিধিতে বর্ণিত অন্য কোনো গুরুদন্ড আরোপের প্রাথমিক সিদ্ধান্ত গৃহীত হয় এবং উক্ত গুরুদন্ড আরোপের সিদ্ধান্ত গ্রহণক্রমে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ জারি করে তা প্রাপ্তির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়, এবং

যেহেতু, অভিযুক্ত কর্মচারী জনাব মোঃ আব্দুল হালিম কর্তৃক নির্ধারিত সময়ে দাখিলকৃত জবাব পর্যালোচনান্তে সন্তোষজনক নয় মর্মে প্রতীয়মান হয়। প্রাপ্ত জবাব, সংস্থার অভিযোগ, তদন্ত প্রতিবেদনে প্রদত্ত মতামত ও সার্বিক পর্যালোচনায় অভিযুক্ত উপসহকারী প্রকৌশলী (ল্যাব) জনাব মোঃ আব্দুল হালিম-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর বিধি ৪(১)(খ) ও ৪(৩)(ঘ) অনুযায়ী তাঁকে 'চাকরি থেকে বরখাস্তকরণ' বা বিধিতে বর্ণিত অন্য কোনো গুরুদন্ড আরোপের সিদ্ধান্ত বহাল রাখা হয়, এবং

১০|০৯|২০২৬

যেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর ৭(১০) বিধিতে গুরুদণ্ড আরোপের ক্ষেত্রে বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ের সঙ্গে পরামর্শের বিধান থাকলেও বাংলাদেশ সরকারি কর্ম কমিশন (পরামর্শ) প্রবিধানমালা, ১৯৭৯-এর প্রবিধান-৭ অনুসারে আলোচ্য ক্ষেত্রে তা প্রয়োজন নেই, এবং

যেহেতু, জনাব মোঃ আব্দুল হালিম, উপসহকারী প্রকৌশলী (ল্যাব), মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগ, মিলিটারি ইন্সটিটিউট অব সাইন্স অ্যান্ড টেকনোলজি (এমআইএসটি)-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর ৩(খ) এবং (গ) বিধি অনুসারে যথাক্রমে 'অসদাচরণ (Misconduct)' ও 'পলায়ন (Desertion)'-এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৭(৮) বিধির অনুসরণক্রমে বিধি ৪(১)(খ) ও ৪(৩)(ঘ) অনুযায়ী তাঁকে 'চাকরি থেকে বরখাস্তকরণ' গুরুদণ্ড প্রদানের সিদ্ধান্ত প্রতিরক্ষামন্ত্রী (প্রধানমন্ত্রী) কর্তৃক সদয় অনুমোদিত হয়েছে।

সেহেতু, জনাব মোঃ আব্দুল হালিম (ব্যক্তিগত নং ২০৯২৯) উপসহকারী প্রকৌশলী (ল্যাব), মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগ, মিলিটারি ইন্সটিটিউট অব সাইন্স অ্যান্ড টেকনোলজি (এমআইএসটি)-এর বিরুদ্ধে আনীত অভিযোগ, তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন, প্রাসঙ্গিক সকল উপাদান ও প্রমাণিত অপরাধের সার্বিক বিষয় বিবেচনা করে বর্ণিত 'অসদাচরণ (Misconduct)' ও 'পলায়ন (Desertion)'-এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ৭(৮) বিধির অনুসরণক্রমে বিধি ৪(১)(খ) ও ৪(৩)(ঘ) অনুযায়ী তাঁকে 'চাকরি থেকে বরখাস্তকরণ' গুরুদণ্ড প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,
১০/০৯/২০২৬
(মোঃ আশরাফ উদ্দিন)
সচিব
ফোন:০২-২২২২৪৮৮৬৯
E-mail: secretary@mod.gov.bd

নম্বর-২৩.০০.০০০০.২৫০.২৭.০৩৪.১৯.২৯৬

তারিখ: ২৬ ভাদ্র ১৪৩৩ / ১০ সেপ্টেম্বর ২০২৬

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। কমান্ড্যান্ট, এমআইএসটি, মিরপুর সেনানিবাস, মিরপুর।
২। সচিবের একান্ত সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৩। উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস তেজগাঁও, ঢাকা
(বাংলাদেশ গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
৪। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫। অর্থ নিয়ন্ত্রক (বিবিধ), ঢাকা সেনানিবাস, ঢাকা।
৬। জনাব মোঃ আব্দুল হালিম (ব্যক্তিগত নং ২০৯২৯), উপসহকারী প্রকৌশলী (ল্যাব), মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগ, এমআইএসটি, মিরপুর সেনানিবাস, মিরপুর। ই-মেইল: mollicktrading2022@gmail.com
৭। অফিস কপি।

১০.০৯.২০২৬
মুশতানজিদা পারভীন
উপসচিব